কলকাতা, শিলিগুড়ি ও পোর্ট ব্লেয়ার থেকে একযোগে প্রকাশিত

সুষমার দ্বারস্থ

সংসারের হাল ফেরাতে সৌদি আরবে কাজ করতে গিয়েছিলেন ৪১ জন ভারতীয় শ্রমিক। কয়েক মাস ধরে তারা বেতন না পেয়ে সুষমার দ্বারস্থ হয়েছেন। শ্রমিকদের আশা ব্যবস্থা নেবেন সুষমা স্বরাজ।

আর্থিক লিপি *

জখম চিন্ময়

পাঁচতলা থেকে পড়ে গিয়ে গুরুতর জখম হয়েছেন প্রবীণ অভিনেতা চিন্ময় রায়। তাঁকে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

www.facebook.com/arthiklipiepaper Siliguri Office : Ph : 0353-2521544, Fax : 0353-2521545, E-mail : lipi.siliguri2015@gmail.com ৮ পাতা

Vol - XIII, ISSUE - 184 শিলিগুড়ি • রবিবার • ১৬ আষাঢ়, ১৪২৫ • ১ জুলাই, ২০১৮ • SILIGURI • SUNDAY • JULY 1, 2018 ₹ 3

বিশ্বকাপ থেকে বিদায় আর্জেন্টিনার

মেসির চোখে জল, শেষ আটে পৌঁছল ফ্রান্স

হেরে হতাশ এলএম ১০।

জোড়া গোল করে ম্যাচের নায়ক এমবাপ্পে।

ফ্রান্স: ৪ (অ্যান্টেনিও গ্রিজম্যান ১৩, বেঞ্জামিন প্যার্ভাড ৫৭, কিলিয়ান এমবাপ্পে ৬৪, ৬৮)

আর্জেন্টিনা: ৩ (ডি'মারিয়া ৪১, গ্যাব্রিয়েল মার্কাডো ৪৮, আগুয়েরো ৯৩)

মস্কো, ৩০ জুন: আর্জেন্টিনা-ফ্রান্স ম্যাচে নজর ছিল যাদের দিকে তারা কেউ সেভাবে নজর কাড়তে পারলেন না। উল্টো দিকে সবাইকে চমকে দিয়ে নায়ক হয়ে উঠলেন বছর ১৯'এর ফরাসি তারকা কিলিয়ান এমবাপ্পে। তাঁর জোড়া গোলের উপর ভর করে আর্জেন্টিনাকে ৪-৩ গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে খেলার টিকিট পেল ফ্রান্স। কাজান এরিনায় ম্যাচের ১৩ মিনিটে পেনাল্টি থেকে গোল করে এগিয়ে যায় ফ্রান্স। প্রথমে মাঝমাঠ থেকে কিলিয়ান এমবাপ্পে দারুণ বল নিয়ে আর্জেন্টিনার বক্সে ঢুকে যান। তাঁকে ফাউল করেন আর্জেন্টিনার রক্ষণভাগের খেলোয়াড় রোহো। পেনাল্টির বাঁশি বাজাতে দেরি করেননি রেফারি। হলুদ কার্ড দেখেন রোহো। পেনাল্টি পেয়ে দলকে এগিয়ে দেন অ্যান্টোনিও গ্রিজম্যান। এর পর ম্যাচের ৪১ মিনিটে বানেগার পাস ধরে শট নেন আর্জেন্টিনার তারকা ফুটবলার অ্যাঞ্জেল ডি মারিয়া। বারের কোনা দিয়ে মারা শটটি বাঁচানোর জন্য ঝাঁপিয়ে পড়ে ফ্রান্সের গোলরক্ষক হুগোলরি। কিন্তু ডি'মারিয়ার এই দুরন্ত শট বাঁচানোর কোনও উপায় ছিল না তাঁর কাছে। এর আগে ম্যাচের ৮ মিনিটে ভাল একটি ফ্রিকিক পান ফ্রান্সের গ্রিজম্যান। কিন্তু তাঁর শট গোলপোস্টে লেগে ফিরে আসে, ১৩ মিনিটে পেনাল্টি থেকে গোল করার পর ম্যাচের ২১ মিনিটে আবার ফ্রি কিক পায় ফ্রান্স। ফ্রান্সের তরুণ তারকা এমবাপ্পে দারুণ গতি নিয়ে আর্জেন্টিনার বক্সে ঢুকে যান। তাঁকে ট্র্যাকেল করে হলুদ কার্ড দেখেন ত্যাগলিয়াফিকো। ফ্রি কিক নেন পল পোগবা। অল্পের জন্য তাঁর শটটা গোল পোস্টের উপর দিয়ে চলে যায়। ম্যাচের ২৬ মিনিটে আবার গোল করার সুযোগ পায় ফ্রান্স। কিন্তু তাঁর ছোট পাস বাঁচিয়ে দেন আর্জেন্টিনার গোলরক্ষক আরমানি। প্রথমার্ধে খেলা শেষ হয় ১-১ ফলাফলে। এরপর ম্যাচের ৪৮ মিনিটে মেসির শটে পা ছুঁয়ে দেন মারকেদো। ২-১ ব্যবধানে এগিয়ে যায় সাম্পাওলির দল। আনন্দে মেতে ওঠেন স্টেডিয়ামে থাকা আর্জেন্টিনার সমর্থকেরা। কিন্তু তাদের সেই আনন্দে জল ঢেলে দেন ফ্রান্সের ডিফেন্ডার প্যার্ভাড। ম্যাচের বয়স যখন ৫৭ মিনিট তখন দুরন্ত একটি গোল করে স্কোর লাইন ২-২ করেন তিনি। ম্যাচের ৬৪ মিনিটে এমবাপ্পের গোলে ব্যবধান বাড়ায় ফ্রান্স। এরপর ৬৮ মিনিটে আবার সেই এমবাপ্পে শো। এমবাপ্পের গোলে ফ্রান্স এগিয়ে যায় ৪-২ ব্যবধানে। ম্যাচের ইনজুরি টাইমে মেসির দুরন্ত পাস সার্জিও আগুয়েরো থেকে গোল করে ব্যবধান কমালেও সমতা ফেরাতে পারেননি। শেষ পর্যন্ত ৪-৩ গোলে জয় পেয়ে কোয়ার্টার ফাইনালে খেলার ছাড়পত্র সংগ্রহ করল ফ্রান্স।

কলেজে তোলাবাজি বরদাস্ত নয়: মুখ্যমন্ত্রী

দুর্গাদাস বন্দ্যোপাধ্যায়

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ভাল ফল করে কলেজে অনার্সে ভর্তি হতে পারছে না অনেক মেধাবি ছাত্র-ছাত্রী। অথচ অনেক কম নম্বর পেয়ে টাকার জোরে কলেজে অনার্সের আসন দখল করে বসছে বেশকিছু পিছিয়ে পড়া ছাত্র-ছাত্রীরা। অভিযোগ, কলেজের ছাত্র ইউনিয়নের মাধ্যমে মোটা টাকার বিনিময়ে ভর্তি হতে হচ্ছে। এই অভিযোগ নতুন কিছু নয়। বেশ কয়েক বছর ধরেই এমন অভিযোগ চলে আসছে। এবারে কড়া হাতে তার মোকাবিলা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

শনিবার কলেজে ভর্তি নিয়ে কোনও রকম দুর্নীতি তিনি বরদাস্ত করবেন না, দলের ছাত্রনেতা থেকে নেতা-মন্ত্রীদের স্পষ্ট ভাষায় নির্দেশ দিয়েছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দলের বিভিন্ন সভায় বার বার ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারিও দিয়েছিলেন তিনি। কিন্তু কোন ওষুধে ছাত্র ভর্তি হওয়ার সময় টাকা চাওয়ার পুরাতন ব্যাধি নির্মুল হচ্ছিল না। অবশেষে মুখ্যমন্ত্রী এ বিষয়ে কড়া ব্যবস্থা নিলেন। তাঁর নির্দেশেই, কলেজে কলেজে ভর্তি প্রক্রিয়া চলাকালীন পুলিশ পিকেট বসতে চলেছে। থাকবে পর্যাপ্ত পুলিশি ব্যবস্থাও। পোশাক পরা পুলিশের পাশাপাশি সিভিল ড্রেসেও থাকবেন বেশকিছু পুলিশ কর্মীরা। কলেজে ভর্তি হতে এলে অনৈতিক ভাবে কেউ টাকা চাইলেই তৎক্ষণাৎ তাকে গ্রেফতারের নির্দেশ দিয়েছেন তিনি। এ বিষয়ে রাজ্য পুলিশের ডিজি ও কলকাতার পুলিশ কমিশনারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। সোমবার থেকে যাতে কলেজগুলির বাইরে পুলিশ মেতায়েন ও দুবৃত্তদের কড়া সাজা দেওয়ার বিষয়টি সুনিশ্চিত করা যায় তারও নির্দেশ দিয়েছেন তিনি। ইতিমধ্যেই ভর্তির জন্য টাকা চাওয়ার অভিযোগে ২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এ বিষয়ে কোনও রং না দেখারও নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। এদিন তীব্র ক্ষোভ প্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেছেন, রাজনীতির রঙ না দেখে এই অসাধু চক্র ভাঙতে হবে। এ ব্যাপারে পুলিশ কমিশনারকেও নির্দেশ দিয়েছেন তিনি।

উল্লেখ্য, শুক্রবার মহারাজা শ্রীশচন্দ্র কলেজে ভর্তি করিয়ে দেওয়ার বিনিময়ে মোটা টাকা চাওয়া হয়েছিল। বাংলা অনার্সে ভর্তির জন্য ৮০ হাজার টাকা চেয়েছিল দুই ছাত্র নেতা। এই অভিযোগের প্রেক্ষিতে রীতেশ জয়সওয়াল ও লালসাহেব গুপ্তা নামে দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। ২৩ বছরের রীতেশ ও ২৫ বছরের লালসাহেব দু'জনেই তৃণমূল কংগ্রেসের সদস্য। সঞ্জীব দাস নামে এক ব্যক্তির অভিযোগের ভিত্তিতে দু'জনকে গ্রেফতার করেছে পুলিশ। টাকার বিনিময়ে কলেজে ভর্তি রুখতে এরপরই ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

গত সপ্তাহে তৃণমূল কংগ্রেসের কোর কমিটিতে কলেজে ভর্তির সময় টাকা নেওয়ার প্রসঙ্গ ওঠে। সেই সময় দলের ছাত্র সংগঠনের সদস্যদের সাবধান করে দেন মুখ্যমন্ত্রী। তার পরেও একাধিক কলেজে এই ধরনের অভিযোগ আসায় তিনি অত্যন্ত ক্ষুব্ধ। সেই কারণে কড়া পদক্ষেপ গ্রহণ করেছেন তিনি।

রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের মাধ্যমিক পরীক্ষায় দেদার টুকলি

নিজস্ব প্রতিনিধি, জলপাইগুড়ি : রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের মাধ্যমিক পরীক্ষায় দেদার টুকলি। ঘটনাটি ফনীন্দ্র বিদ্যালয়ের ঘটনা। বেশ কয়েকজন পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে বলে জানান স্কুলের সহকারী প্রধান শিক্ষক ধীরেন ঝম্পটি অভিযোগ, পরীক্ষা শুরুর পর থেকেই পরীক্ষার্থীদের একটা বড় অংশ টুকলি করতে চালু করে। একপ্রকার বই খুলে পরীক্ষা দিতে থাকে পরীক্ষার্থীরা। সঙ্গে মাইক্রো জেরক্স তো ছিলই।

পরীক্ষাকেন্দ্রে দায়িত্বে থাকা স্কুল শিক্ষকেরা পরীক্ষার্থীদের টুকলি করা থেকে বাধা দিলে পরীক্ষার্থীদের সঙ্গে গণ্ডগোলের সৃষ্টি হয়। পুলিশ পরিস্থিতি এসে সামাল দেয়। অভিযোগ, যে সকল পরীক্ষার্থীরা নকল করতে বাধা দেওয়া হয়েছে তারা পাল্টা হুমকি দেয় শিক্ষকদের।

যারা নকল করছিল সেইসব পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে বলেও জানা গিয়েছে। তবে স্কুলের সহকারী প্রধান শিক্ষক ধীরেন ঝম্পটিকে প্রশ্ন করা হলে তিনি গণ্ডগোলের কথা স্বীকার করেননি। তবে স্পষ্ট জানিয়ে দেন, যারা নকল করেছে তাদের পরীক্ষা বাতিল করা হবে। তবে সেই পরীক্ষার্থীর সংখ্যা কতজন তা এখনই বলতে চাননি তিনি।

টুকলির খবর পৌছাতেই ছুটে আসেন পরীক্ষা সেন্টারের দায়িত্বে থাকা কোতয়ালী থানার এস আই দুলালচন্দ্র সেন। তিনি বলেন,“ আমরা স্কুলে এলাম। অথচ যারা গণ্ডগোল করছিল তারা কেউ নেই। আমরা তদন্ত করছি। প্রয়োজন মনে হলে আমরা আরও নিরাপত্তা বাড়িয়ে দেব।

বাজ পড়ার ৪৫ মিনিট আগে আগাম জানতে পারবে:জাভেদ আহমেদ খান

নিজস্ব প্রতিনিধি, মালদহ: **বাজ পড়ার ৪৫ মিনিট আগে আগাম খবর জানিয়ে দেবে রাজ্য সরকার।**

এমনই ব্যবস্থা তৈরি হতে চলেছে। শনিবার মালদহতে এসে একথা জানান রাজ্যের সিভিল ডিফেন্স মন্ত্রী জাভেদ আহমেদ খান। তিনি বলেন, ২০ টি সেন্টার করে পাইলট প্রজেক্ট নেওয়া হয়েছে। ২০১৭ সাল থেকে এই কাজ আমরা শুরু করেছি। আমেরিকার একটি কোম্পানি এই কাজ করছে।

এখন কাজ চলছে ডাটা এন্ট্রির। আমরা ওই কোম্পানিকে বলেছি তোমরা আমেরিকায় বসে কাজ করলে হবে না।

পশ্চিমবঙ্গে বসে কাজ করতে হবে। এই ব্যবস্থাটা সারা দেশের মধ্যে প্রথম পশ্চিমবঙ্গে হচ্ছে।

প্রতারণার অভিযোগে গ্রেফতার ১ যুবক

নিজস্ব প্রতিনিধি,রায়গঞ্জ: রায়গঞ্জ থানার পুলিশের সাহায্যে আট লক্ষ টাকা গ্রেফতার করল আসাম রাজ্যের পুলিশ। ধৃতের নাম বিষ্ণু। উদ্ধার করা হয়েছে ৮ লক্ষ টাকাও। রায়গঞ্জ থানার পুলিশ ধৃত ওই প্রতারক বিষ্ণুকে আসাম পুলিশের হাতে তুলে দেয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে আসামে অম্বুজা সিমেন্টের এক ডিলারের কাছে পাঁচ বছর ধরে কাজ করত বিষ্ণু নামে এক ব্যক্তি।

গত কয়েকদিন আসে সে ৮ লক্ষ টাকা হাতিয়ে নিয়ে পালিয়ে যায়। তদন্তে নেমে আসাম পুলিশ জানতে পারে এ রাজ্যের উত্তর দিনাজপুর জেলায় রায়গঞ্জের এক আত্মীয়ের বাড়িতে লুকিয়ে আছে অভিযুক্ত ব্যক্তি।

আসাম পুলিশ রায়গঞ্জ থানার পুলিশের সাথে যোগাযোগ করে। সেই মত স্থানীয় কাউন্সিলর ও থানার পুলিশ বরুণ বন্দোপাধ্যায়ের সাথে যোগাযোগ করে হানা দেয় অভিযুক্তের আত্মীয়ের বাড়িতে। সেখানেই অভিযুক্তকে গ্রেফতার করে । তার কাছ থেকে উদ্ধারও করা হয় আট লক্ষ টাকাও। টাকা সহ ধৃত ব্যক্তি বিষ্ণুকে আসাম পুলিশের হাতে তুলে দেয় রায়গঞ্জ থানার পুলিশ।

মাঠ থেকে উদ্ধার অসংখ্য মৃত সোনা ব্যাঙ

নিজস্ব প্রতিনিধি, বালুরঘাট: পা পেছনের অংশ কেটে নেওয়া অবস্থায় মাঠ থেকে উদ্ধার অসংখ্য মৃত সোনা ব্যাঙ। পিকনিক করতে বিশেষ প্রজাতির ব্যাঙগুলিকে হত্যা করা হয়েছে বলে দাবি আঙিনা বার্ডস অ্যান্ড এনভাইওরমেন্ট প্রটেকশন সমিতির। ঘটনাকে কেন্দ্র করে থানায় অভিযোগ দায়ের করল বালুরঘাটের এই পরিবেশপ্রেমী সংস্থঅর। বন্যপ্রেমী সংরক্ষণ আইনে দোষীদের শাস্তির দাবি তোলা হয়েছে।

ঘটনার তদন্তে বালুরঘাট শহরের হাইস্কুল মাঠের (এ কে গোপালন কলোনী) এক পাশের উদ্ধার হয় অন্তত ৩০ টি মৃত সোনা ব্যাঙ এর দেহের অর্ধেকাংশ। পা থেকে পেছনের অংশ কেটে নেওয়ার পর, কেউ বা কাহার প্রাণীগুলিকে ফেলে দিয়েছে বলে অনুমান। বিষয়টি নজরে আসতেই একে একে ভিড় করতে থাকেন সাধারণ মানুষ।

পরে ওই সংস্থায় পক্ষ থেকে বালুরঘাট থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়। আঙিনা বার্ডস এণ্ড এনভাইওরমেন্ট প্রটেকশন সমিতির বিশ্বজিৎ বসাক বলেন, এলাকার এক বাসিন্দা মারফৎ তিনি জানতে পারেন সোনা ব্যাঙ কেটে ফেলে রাখার খবরটি। সেখানে গিয়ে দেখতে পান নির্মমভাবে বিশেষ প্রজাতির প্রাণীগুলিকে হত্যা করা হয়েছে। এলাকার পশ্চিম প্রান্তে পিকনিক চলছে রাতভর। যার চিহ্ন স্পষ্ট। এইভাবে প্রাণী হত্যার ঘটনায় দোষীদের শাস্তির দাবি তাদের।

প্রকাশিত হল গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের স্নাতকস্তরের ফল পার্ট-থ্রি বিএ, বিএসসির ফল

নিজস্ব প্রতিনিধি,মালদহ : প্রকাশিত হল গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের স্নাতকস্তরের পার্ট-থ্রি বিএ, বিএসসির ফল। সবক্ষেত্রেই মেয়েরাই এগিয়ে। পাশের বেড়েছে গত বছরের তুলনায় ৫ শতাংশ। এবছর পাশ করেছে ৮৫.২৮ শতাংশ। গতবারে ৪০.৩০ শতাংশ। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৫,৪৮৫। তারমধ্যে পাশ করেছে ৪,৬৭৮। যার মধ্যে ছাত্রীর সংখ্যা ২৪৯২। পাশের হারে ছেলেদেরকে হারিয়ে দিয়েছে মেয়েরা। মহিলাদের পাশের হার ৮৬.৩২ শতাংশ। যেখানে ছাত্রদের পাশের হার ৮৪.১০ শতাংশ। প্রথম বিভাগে পাশ করেছে ৫২৬ জন। এখানেও টেক্কা দিয়েছে মেয়েরা। ২৭৩ জন ছাত্রী পাশ করেছে প্রথম বিভাগে এবং ২৫৩ জন ছাত্র পাশ করেছে। ফল প্রকাশ করে গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য স্বাগত সেন জানান, ২৪ দিনের মাথায় আমরা ফল প্রকাশ করতে পেরেছি। এ বছর পঞ্চায়েত নির্বাচন গিয়েছে। এর জন্য কিছুটা আমাদের সময় লেগেছিল। তা সত্বেও পরীক্ষা শেষ হওয়ার ২৪ দিনের আমরা ফল প্রকাশ করতে পেরেছি।

পাক খ্রিস্টানদের নিরাপত্তায় নজিরবিহীন পদক্ষেপ ভ্যাটিকানে

ভাটিকান, ৩০ জুন: **পাকিস্তানে বসবাসকারী খ্রিস্টানদের উপর অত্যাচার বেড়েই চলেছে। আর সেই অত্যাচার বন্ধ করতে এবারে কুশলী পদক্ষেপ গ্রহণ করলেন পোপ ফ্রান্সিস। পাকিস্তানে বসবাসকারী খ্রিস্টানদের স্বার্থ রক্ষার্থে আর্চ বিশপ যোশেফকে বাড়তি ক্ষমতা দেওয়া হয়েছে। পরিসংখ্যান বলছে, পাকিস্তানে বর্তমানে প্রায় ২৫ লক্ষ খ্রিস্টান রয়েছে। গত ডিসেম্বর থেকে তাদের উপরে অত্যাচারের তীব্রতা বৃদ্ধি পেয়েছে। সন্ত্রাসবাদীরা বিভিন্ন সময়ে তাদের উপরে আক্রমণ হানছে। এর ফলে বেশ কয়েকজন খ্রিস্টান ধর্মাবলম্বী মানুষ গুরুতর জখম হয়েছেন।**